

ইডেন কলেজে ছাত্র ধর্মঘট পালন করবে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট

কাগজ প্রতিবেদক : ইডেন কলেজে ছাত্রফ্রন্ট নেতাকর্মীসহ সকল ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত না করলে আগামী ১৫ এপ্রিল থেকে ১৭ এপ্রিল ইডেন কলেজে ছাত্র ধর্মঘট চালন করবে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট। গতকাল মঙ্গলবার হাইকোর্ট মোড়ে এক সমাবেশে সংগঠনের নেতৃবৃন্দ এ ঘোষণা দেন। সমাবেশ শেষে সংগঠনের ইডেন কলেজ শাখা কলেজের ছাত্রীদের নিরাপত্তা দাবি করে শিক্ষামন্ত্রীর কাছে প্রতিকার পেশ করে।

ছাত্রফ্রন্ট ইডেন কলেজ শাখা দুপুর ১টায় শিলক্ষেত থেকে মিছিল নিয়ে হাইকোর্ট মোড়ে এলে পুলিশ মিছিলে বাধা দেয়। এ সময় এখানে আসমা আইয়ুব বেবীর সভাপতিত্বে সংগঠন সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মোশাররফ হোসেন রাসেল, শামীমা পারভীন রোজী প্রমুখ বক্তব্য রাখেন।

সমাবেশে নেতৃবৃন্দ হামলাকারী ছাত্রদের সন্ত্রাসীদের বিচার, ইডেন কলেজকে সন্ত্রাসীদের কবল থেকে রক্ষা ও ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান। নেতৃবৃন্দ বলেন, তা না হলে ১০ এপ্রিল মুজাসসনে মানববন্ধন, ১৩ এপ্রিল ইডেন কলেজের সামনে অবস্থান ধর্মঘট, এবং ১৫ থেকে ১৭ এপ্রিল কলেজে ছাত্র ধর্মঘট পালন করা হবে।

এদিকে বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ও ব্রিটিশ হাইকমিশনারকে বাংলাদেশ থেকে বহিষ্কারের দাবিতে ছাত্র ইউনিয়ন গতকাল দুপুরে ঢাবি ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। বিদগ্ধ।